মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

# মাসিক বুলেটিন

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাসিক বুলেটিন সংখ্যাঃ ৪২ বর্ষঃ চতুর্থ জুন ২০০৮

# মাদকবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০০৮ পালন

মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার প্রতিরোধে ব্যাপক গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে জাতিসংঘের সাধারণ পরিষদের ১৯৮৭ সালের ৪২ তম বিশেষ অধিবেশনের ঘোষণা অনুযায়ী প্রতিবছর ২৬ জুন বিশ্বব্যাপী মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস পালিত হয়। বাংলাদেশেও আন্তর্জাতিক এ দিবসটি প্রতিবছর গুরুত্ব সহকারে পালন করা হয়। দিবসটি উপলক্ষে এবছরের জাতিসংঘ ঘোষিত শ্লোগান হলো **"Do drugs control YOUR LIFE?** (মাদক কি আপনার জীবন নিয়ন্ত্রণ করে)" এবং সাব-শ্লোগান হলো-**"Your life. Your community. No place for drugs.** (আপনার জীবন ও সমাজে মাদকের কোন স্থান নেই)"। দিবসটি উপলক্ষে ঢাকায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উদ্যোগে ২৬ জুন সকাল ৮.৪৫ টায় জাতীয় প্রেস ক্লাবের সামনে থেকে শুরু হয়ে মৎস্য ভবন হয়ে বাংলাদেশ শিল্পকলা একাডেমী পর্যন্ত বর্ণাঢ্য মানববন্ধন আয়োজন করা হয়। উক্ত মানববন্ধন কর্মসূচীতে বিভিন্ন সরকারী ও বেসরকারী সংস্থা (এনজিও) প্রতিনিধিরা অংশ নেয়। একই দিন সকাল ১১.০০ ঘটিকায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ হুমায়ুন কবীরের সভাপতিত্বে বাংলাদেশ শিল্পকলা একাডেমীর জাতীয় নাট্যশালা মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের স্বরাষ্ট্র, নৌ পরিবহন ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় উপদেষ্টা মেজর জেনারেল এম, এ মতিন বিপি, পিএসসি(অবঃ)। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত স্বরাষ্ট্র সচিব ডঃ শেখ আবদুর রশিদ। সভায় স্বাগত ভাষণ রাখেন অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক জনাব মোঃ ইউছুফ আলী। সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন অধিদপ্তরের পরিচালক (নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা) জনাব তপন কুমার কর্মকার। সভা শেষে প্রধান অতিথি মাদকবিরোধী বিভিন্ন স্টল পরিদর্শন করেন। তাছাড়া দিবসটি উপলক্ষে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটির সভাপতি জেলা প্রশাসক এর নেতৃত্বে সকল জেলায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর অফিস ও বিভিন্ন বেসরকারী সংস্থা (এনজিও) এর সক্রিয় অংশগ্রহণে বিভিন্ন কর্মসূচী পালন করা হয়।




২৬ জুন উপলক্ষে বক্তব্য রাখছেন মেজর জেনারেল এম, এ মতিন বিপি, পিএসসি(অবঃ)।

## ঢাকায় লুপিজেসিক ইনজেকশন ও ফেন্সিডিল উদ্ধার

গত ২৭ জুন ২০০৮ তারিখ দুপুর ২.০০ টায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা মেট্রোঃ উপ-অঞ্চলের একটি টিম ধানমন্ডি ৪/এ রোডস্থ ৩৮ নং বাড়ীর সামনে অভিযান চালিয়ে ৬০ এ্যাম্পুল লুপিজেসিকসহ সাইদ নামে একজনকে গ্রেফতার করে। প্রাথমিক জিজ্ঞাসাবাদে সাইদের দেয়া তথ্য মোতাবেক তার ভাই আবুল কালাম জিপুর ২১৮ বি/এ, গদিঘর রায়ের বাজার বাসা তল্লাশী করে জিপুর স্ত্রী নুপুর ও তার বোন মান্নার নিকট থেকে আরও ৯০০ এ্যাম্পুল লুপিজেসিক ইনজেকশনসহ তাদেরকে গ্রেফতার করা হয়। তারা এ মরণ নেশা ইনজেকশন দিনাজপুর হিলি সীমান্তের মাধ্যমে সংগ্রহ করে ঢাকায় নিয়ে আসে এবং রায়ের বাজার ও মোহাম্মদপুর এলাকায় বিক্রি করত বলে জানা যায়। অন্যদিকে গত ২৮ জুন '০৮ তারিখে ঢাকা মেট্রোঃ উপ-অঞ্চলের আরেকটি টিম সূত্রাপুর থানাধীন ২৬ ভজহরী শাহা স্ট্রীট, ঢাকায় ৫ তলা বিল্ডিং এর নীচতলায় এবং কোতোয়ালী থানাধীন ৮৪, আগামাসি লেইন, ঢাকায় অভিযান চালিয়ে শেখ মোঃ মিঠু(৩৮) এর ভাড়া বাড়ী ও নিজের বাড়ীর বসতঘর তল্লাশীপূর্বক মোট ১৮০ বোতল ফেন্সিডিল ও ফেন্সিডিল বিক্রির নগদ ৪০,১৫০/- টাকাসহ মিঠুকে গ্রেফতার করে।

## চিত্রাংকন প্রতিযোগিতার ফলাফল

মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০০৮ উদযাপন উপলক্ষে শিশুদের মধ্যে মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী সচেতনতা সৃষ্টির লক্ষ্যে গত ২১ জুন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহযোগিতায় "ইস্কাটন মডার্ণ হেলথ কেয়ার" নামক একটি বেসরকারী সংস্থার ব্যবস্থাপনায় বাংলাদেশ শিশু একাডেমী প্রাঙ্গনে শিশুদের এক চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উক্ত প্রতিযোগিতায় ৪-৮ বছরের শিশুদের মধ্যে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করে যথাক্রমে জি, আঃ আলী কাদেরী, নাজিয়ান বিন্তে ফিরোজ (তন্দ্রা) ও আকিব আব্দুল্লাহ; ৯-১৪ বছরের শিশুদের মধ্যে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করে যথাক্রমে আঃ নঃ মঃ ফেরদৌস আল-রাব্বী, আল আমিন আবদুল নূর ও ফারিনা ইসলাম এবং প্রতিবন্ধী গ্রুপে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করে যথাক্রমে মমি-তু-উর-রহমান (মৌসোনা), মোঃ আরিফুল হক বিশ্বাস ও ফারহানা জাহান (এ্যানি)।

আপনার নিষ্পাপ সন্তানদের নেশা থেকে বাঁচান

**DON'T MAKE THEM A DRUG GENERATION**

## *সম্পাদকের কথা*

# মাদক কি আপনার জীবন নিয়ন্ত্রণ করে?

বর্তমান বিশ্বে বিরাজমান সমস্যাগুলোর মধ্যে অন্যতম হচ্ছে মাদক সমস্যা। মাদকের এ সর্বনাশা থাবা থেকে বিশ্ববাসীকে মুক্ত রাখার জন্য বিশ্ব বিবেককে ভাবিয়ে তুলেছে। এ প্রেক্ষিতে ১৯৮৭ সালে ভিয়েনায় অনুষ্ঠিত জাতিসংঘের ৪২ তম বিশেষ অধিবেশনের ১২২ নং সিদ্ধান্ত অনুযায়ী প্রতিবছর ২৬ জুন মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারের বিরুদ্ধে ব্যাপক গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিশ্ব সমাজকে উদ্বুদ্ধকরণের উদ্দেশ্যে জাতিসংঘভূক্ত সকল দেশে ১৯৮৮ সাল হতে এ দিবস পালিত হয়ে আসছে। দিবসটি উপলক্ষে এবছরের শ্লোগান হলো **“Do drugs control YOUR LIFE?** (মাদক কি আপনার জীবন নিয়ন্ত্রণ করে)” এবং সাব-শ্লোগান হলো-**“Your life. Your community. No place for drugs.** (আপনার জীবন ও সমাজে মাদকের কোন স্থান নেই)”। দিবসটির এ শ্লোগান ও সাব শ্লোগান খুবই তাৎপর্যপুর্ণ। কেননা একজন মানুষ যখন মাদকাসক্ত হয়ে পড়ে তখন তার স্নায়ুতন্ত্রের কার্যকলাপে পরিবর্তন আসে। ধীরে ধীরে মাদকদ্রব্যের উপর নির্ভরশীল হয়ে পড়ে। পরিবর্তন আসে তার আচার-আচরণ ও দৈনন্দিন জীবন-যাপনে যা অস্বাভাবিক বলে প্রতীয়মান হয়। মাদক গ্রহণ করার পর তা মানব দেহের মস্তিস্ক কোষ, স্নায়ুতন্ত্র, হরমোন এবং দেহের জৈব রাসায়নিক ব্যবস্থাকে এমনভাবে আচ্ছন্ন ও প্রভাবিত করে যে মানুষ আর নিজের নিয়ন্ত্রণে থাকেনা। মাদক সেবনকারীদের দেহমন, চেতনা, মনন, প্রেষণা, আবেগ, বিচার-বুদ্ধি সবই মাদকের নিয়ন্ত্রণে চলে যায়। মাদকের নেশায় আচ্ছন্ন ব্যক্তি মানুষ খুন করা, সড়ক দুর্ঘটনা ঘটানো, কিংবা আত্মহত্যার মত অপরাধে লিপ্ত হয়। এগুলো থেকে মুক্ত থাকার জন্য মাদকের উপর নির্ভরশীলতা কমাতে হবে। সমাজের সর্বস্তরে মাদককে পরিহার করতে হবে। তাই মাদকের নিয়ন্ত্রণ থেকে প্রত্যেক ব্যক্তিকে বাঁচতে এবং অপরকে বাঁচাতে হবে; আর এটাই হল এ বারের মাদকবিরোধী আন্তর্জাতিক দিবসের প্রতিপাদ্যের মূল লক্ষ্য ও উদ্দেশ্য।

# মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন রিপোর্ট

মে/০৮ মাসে সরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহে ৪০০ জন মাদকাসক্তের চিকিৎসা সেবা প্রদান করা হয়। মে/০৮ মাসে নিরাময় কেন্দ্রভিত্তিক প্রদত্ত চিকিৎসা সেবার বিবরণ নিম্নরূপঃ

| কেন্দ্রের নাম | অন্তঃ বিভাগ | বহিঃ বিভাগ | মোট | নতুন | পুরাতন |
|---|---|---|---|---|---|
| কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা | ৬৫ | ২৫৩ | ৩১৮ | ১৯১ | ১২৭ |
| মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম | ৫ | ৭ | ১২ | ১২ | - |
| মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, খুলনা | - | - | - | - | - |
| মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, রাজশাহী | - | - | - | - | - |
| কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, যশোর | ৬ | ৩১ | ৩৭ | ১১ | ২৬ |
| কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, রাজশাহী | - | - | - | - | - |
| কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, কুমিল্লা | ১৫ | ১৮ | ৩৩ | ২০ | ১৩ |
| মোট | ৯১ | ৩০৯ | ৪০০ | ২৩৪ | ১৬৬ |



২৬ জুন উপলক্ষে আয়োজিত চিত্রাংকন প্রতিযোগিতায় শিশুদের মাঝে অধিদপ্তরের মহাপরিচালকসহ অন্যান্য কর্মকর্তারা

## অধিদপ্তরের উপ-অঞ্চল ও গোয়েন্দা অঞ্চলভিত্তিক মে/০৮ মাসের মামলার পরিসংখ্যানঃ

| ক্র/নং | উপ-অঞ্চলের নাম | দায়েরকৃত মামলার সংখ্যা | আসামীর সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ঢাকা-মেট্রো উপ-অঞ্চল | ১১৩ | ১১৬ |
| ২ | ঢাকা উপ-অঞ্চল | ৫১ | ৬৭ |
| ৩ | ময়মনসিংহ উপ-অঞ্চল | ২৯ | ৩৬ |
| ৪ | ফরিদপুর উপ-অঞ্চল | ১৬ | ১৭ |
| ৫ | টাংগাইল উপ-অঞ্চল | ৬ | ৬ |
| ৬ | জামালপুর উপ-অঞ্চল | ৬ | ৮ |
| ৭ | চট্টগ্রাম-মেট্রো উপ-অঞ্চল | ৪২ | ৪৩ |
| ৮ | চট্টগ্রাম উপ-অঞ্চল | ১৮ | ১৪ |
| ৯ | সিলেট উপ-অঞ্চল | ৩৫ | ৩৩ |
| ১০ | নোয়াখালী উপ-অঞ্চল | ১৪ | ২২ |
| ১১ | কুমিল্লা উপ-অঞ্চল | ২৪ | ৩০ |
| ১২ | কক্সবাজার উপ-অঞ্চল | ৭ | ৬ |
| ১৩ | রাঙ্গামাটি উপ-অঞ্চল | ৩ | ৬ |
| ১৪ | খাগড়াছড়ি উপ-অঞ্চল | ২ | - |
| ১৫ | বান্দরবান উপ-অঞ্চল | ১ | ২ |
| ১৬ | খুলনা উপ-অঞ্চল | ৩৬ | ৪৯ |
| ১৭ | যশোর উপ-অঞ্চল | ৩২ | ৪৪ |
| ১৮ | কুষ্টিয়া উপ-অঞ্চল | ১৬ | ১৬ |
| ১৯ | বরিশাল উপ-অঞ্চল | ৬ | ৬ |
| ২০ | পটুয়াখালী উপ-অঞ্চল | ৭ | ৮ |
| ২১ | রাজশাহী উপ-অঞ্চল | ৫৮ | ৬২ |
| ২২ | পাবনা উপ-অঞ্চল | ২১ | ২৬ |
| ২৩ | বগুড়া উপ-অঞ্চল | ১৯ | ২১ |
| ২৪ | রংপুর উপ-অঞ্চল | ৩৭ | ৩৯ |
| ২৫ | দিনাজপুর উপ-অঞ্চল | ১৯ | ২৩ |
| ২৬ | ঢাকা গোয়েন্দা অঞ্চল | ১২ | ১৯ |
| ২৭ | রাজশাহী গোয়েন্দা অঞ্চল | ৮ | ৫ |
| ২৮ | চট্টগ্রাম গোয়েন্দা অঞ্চল | ৯ | ১৪ |
| ২৯ | খুলনা গোয়েন্দা অঞ্চল | ৬ | ৬ |
| | সর্বমোটঃ | ৬৫৩ | ৭৪৪ |

# রাসায়নিক পরীক্ষা সংক্রান্ত বিবরণ

| নমুনা প্রেরণকারী সংস্থা | মামলা সংখ্যা | রাসায়নিক পরীক্ষা সম্পন্ন ও রিপোর্ট সরবরাহ | | | পেন্ডিং/ স্থগিত |
|---|---|---|---|---|---|
| | | পজিটিভ | নিগেটিভ | মোট | |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ৭০৮ | ৭০৭ | ১ | ৭০৮ | - |
| পুলিশ | ৮৮৬ | ৮৮৪ | ১ | ৮৮৫ | ১ |
| বিডিআর | ১ | ১ | - | ১ | - |
| র‍্যাব | ১ | ১ | - | ১ | - |
| সর্বমোট | ১৫৯৬ | ১৫৯৩ | ২ | ১৫৯৫ | ১ |

# অধিদপ্তরের রুজুকৃত মামলার আলামত সংক্রান্ত পরিসংখ্যান

অধিদপ্তরের মে/০৮ মাসের আলামতভিত্তিক মামলা, আসামী ও উদ্ধারকৃত মাদকদ্রব্যের বিবরণ নিম্নে তুলে ধরা হলোঃ

| মাদকদ্রব্যের নাম | মামলার সংখ্যা | আসামীর সংখ্যা | মাদকদ্রব্যের পরিমাণ |
|---|---|---|---|
| হেরোইন | ১০৭ | ১২৯ | ১.২৩২ কেজি |
| চরস | | | ০.১২৫ কেজি |
| গাঁজা | ২০৬ | ২১৬ | ২১৪.৯৯৯ কেজি |
| গাঁজা গাছ | ৩ | ২ | ১৫৪৮ টি |
| অবৈধ চোলাই মদ | ১৩৮ | ১৩৯ | ২১৬৪.৫ লিটার |
| বিদেশী মদ | ১১ | ১৫ | ১২২ বোতল |
| বিয়ার | ১ | ১ | ৪০ ক্যান |
| রেক্টিফাইড স্পিরিট | ৩ | ৪ | ৪৫ লিটার |
| ডিনেচার্ড স্পিরিট | ৬ | ৬ | ৯১ লিটার |
| ফেন্সিডিল | ১২৮ | ১৭৩ | ২৮৩৫ বোতল |
| ফেন্সিডিল | ২ | ৩ | ৩৮ লিটার |
| তাড়ী (টোডি) | ২০ | ২০ | ১৩৮৯ লিটার |
| টি.ডি জেসিক ইঞ্জেকশন | ১৬ | ১৮ | ৮৪ এ্যাম্পুল |
| জাওয়া | ৪ | ৪ | ১৪৪৯০ লিটার |
| বনোজেসিক ইঞ্জেকশন | ৩ | ৫ | ৬৬ এ্যাম্পুল |
| অন্যান্য | ১ | ৪ | |
| ইয়াবা ট্যাবলেট | ৩ | ৪ | ১২৭ টি |
| এসেন্স | | | ৫০০ লিটার |
| রিকোডেক্স/কডোকপ সিরাপ | ১ | ১ | ৭০ বোতল |
| নগদ অর্থ | | | ১৩০৪৭ টাকা |
| প্রাইভেট কার | | | ৩ টি |
| সি. এন. জি | | | ৩ টি |
| মোবাইল সেট | | | ১৮ টি |
| মোট | ৬৫৩ | ৭৪৪ | |

# অবসর গ্রহণ

মাদকদব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম গোয়েন্দা অঞ্চলের তত্ত্বাবধায়ক জনাব পংকজ চৌধূরী ২৪/০৬/০৮ তারিখে, প্রধান কার্যালয়ের এম এল এস এস জনাব মোঃ ওবায়েদ উল্লাহ ভূঁইয়া ৯/০৬/০৮ তারিখে প্রাক অবসর গ্রহণ প্রস্তুতিমূলক ছুটি (এলপিআর)-তে গমন করেন। উক্ত ছুটি শেষে জনাব পংকজ চৌধূরী ২৪/০৬/০৯ তারিখে এবং জনাব মোঃ ওবায়েদ উল্লাহ ভূঁইয়া ৯/০৬/০৯ তারিখে তারিখে সরকারি চাকুরী হতে অবসর গ্রহণ করবেন।

# প্রিকারসর কেমিক্যাল আমদানি

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে ব্যবহৃত প্রিকারসর কেমিক্যালস এর আমদানীর বিষয়ে অনুমোদন দিয়ে থাকে। বর্তমান অর্থবছরের শুরু থেকে মে/০৮ পর্যন্ত বিভিন্ন প্রিকারসর এর অনুমোদিত বার্ষিক কোটা ও আমদানীর পরিমাণ নিম্নরূপঃ

| প্রিকারসর কেমিক্যালের নাম | আমদানির বার্ষিক কোটার পরিমাণ | জুলাই/০৭ হতে মে/০৮ পর্যন্ত আমদানীর পরিমাণ | মে/০৮ মাসে আমদানীর পরিমাণ |
|---|---|---|---|
| টলুইন | ৮,৯২৫.৭৯৯ মেঃ টন | ১৭৮৩.৯৪৭ মেঃ টন | ৩২২.৩৬ মেঃ টন |
| এসিটিক এনহাইড্রাইড | ১,২৫৬.৯৩৫ মেঃ টন | ৫৯৭.৭২০ মেঃ টন | ১৯২.১২ মেঃ টন |
| এসিটোন | ৪,৪১৬.২৩১ মেঃ টন | ৭৫০.৭২ মেঃ টন | ১০৬.৪০ মেঃ টন |
| মিথাইল ইথাইল কিটোন | ৩,০০১.৪১৭ মেঃ টন | ৪৫৯.৩৪৫ মেঃ টন | ৩৭.৩৩৮ মেঃ টন |
| পটাশিয়াম পারম্যাংগানেট | ১,৭৫৭ মেঃ টন | ১১৮.৪০ মেঃ টন | - |

এ অধিদপ্তরের অনুমোদন ছাড়া যারা প্রিকারসর কেমিক্যাল এর ব্যবসা পরিচালনা করছে তাদের সম্পর্কে পরিচালক (অপারেশনস) এর নিকট সংবাদ প্রদানের জন্য সর্বসাধারণকে অনুরোধ করা যাচ্ছে। যোগাযোগের জন্য টেলিফোন নং-৮৩১২২৪৯।




২৬ জুনের মানব বন্ধনে মহাপরিচালকসহ অন্যান্য কর্মকর্তারা

# মাদক অপরাধের মামলা নিষ্পত্তি

উপ-অঞ্চলভিত্তিক ও গোয়েন্দা অঞ্চলভিত্তিক মে/০৮ মাসে মাদক অপরাধ দমন সংক্রান্ত নিষ্পত্তিকৃত মামলার বিবরণ নিম্নরূপঃ

| ক্রঃ নং | উপ-অঞ্চলের নাম | সাজপ্রাপ্ত মামলার সংখ্যা | সাজাপ্রাপ্ত আসামীর সংখ্যা | মে/০৮ পর্যন্ত অনিষ্পত্তিকৃত মামলা |
|---|---|---|---|---|
| ১ | ঢাকা-মেট্রো উপ-অঞ্চল | ৩৮ | ৪৪ | ৩৬২৮ |
| ২ | ঢাকা উপ-অঞ্চল | ৫ | ৬ | ৩৬১৯ |
| ৩ | ময়মনসিংহ উপ-অঞ্চল | - | - | ২৩১৬ |
| ৪ | ফরিদপুর উপ-অঞ্চল | ৪ | ৪ | ৫৪৮ |
| ৫ | টাংগাইল উপ-অঞ্চল | ২ | ২ | ৪৯৮ |
| ৬ | জামালপুর উপ-অঞ্চল | ১ | ২ | ৩৯৭ |
| ৭ | ঢাকা গোয়েন্দা অঞ্চল | - | - | - |
| ৮ | চট্রগ্রাম মেট্রো উপ-অঞ্চল | ১৬ | ১৭ | ২২৮৭ |
| ৯ | চট্রগ্রাম উপ-অঞ্চল | ২ | ২ | ৯৮২ |
| ১০ | নোয়াখালী উপ-অঞ্চল | ৪ | - | ৬৯০ |
| ১১ | কুমিল্লা উপ-অঞ্চল | - | - | ১৬১৮ |
| ১২ | কক্সবাজার উপ-অঞ্চল | - | - | ৬১৮ |
| ১৩ | রাঙ্গামাটি উপ-অঞ্চল | - | - | ১৮৮ |
| ১৪ | খাগড়াছড়ি উপ-অঞ্চল | - | - | ১৪ |
| ১৫ | বান্দরবান উপ-অঞ্চল | - | - | ৭৪ |
| ১৬ | চট্টগ্রাম গোয়েন্দা অঞ্চল | - | - | ৪৬৫ |
| ১৭ | সিলেট উপ-অঞ্চল | ২ | ২ | ২৪৬১ |
| ১৮ | খুলনা উপ-অঞ্চল | ১৫ | ১৬ | ৯৩৭ |
| ১৯ | যশোর উপ-অঞ্চল | ৩ | ৩ | ১২৩১ |
| ২০ | কুষ্টিয়া উপ-অঞ্চল | ৫ | ৫ | ৬২৬ |
| ২১ | খুলনা গোয়েন্দা অঞ্চল | ২ | ২ | ১২৩ |
| ২২ | বরিশাল উপ-অঞ্চল | ১ | ২ | ২৭২ |
| ২৩ | পটুয়াখালী উপ-অঞ্চল | - | - | ১০০ |
| ২৪ | রাজশাহী উপ-অঞ্চল | ১৬৫ | ১৭৩ | ৩৮৮১ |
| ২৫ | পাবনা উপ-অঞ্চল | ১ | ১ | ১১৮৯ |
| ২৬ | বগুড়া উপ-অঞ্চল | | | ১১৫২ |
| ২৭ | রংপুর উপ-অঞ্চল | ৪ | ৪ | ১৯৪৩ |
| ২৮ | দিনাজপুর উপ-অঞ্চল | ২ | ২ | ১৪৯০ |
| ২৯ | রাজশাহী গোয়েন্দা অঞ্চল | ২ | ২ | ৩২২ |
| | সর্বমোটঃ | ২৭৪ | ১৮৯ | ৩৩৬৬৯ |

# রাজস্ব আদায়

অধিদপ্তরের অঞ্চলভিত্তিক ২০০৭ সালের মে মাস ও ২০০৮ সালের মে মাসের রাজস্ব আদায়ের তুলনামূলক বিবরণী নিম্নরূপঃ

| নং | অঞ্চলের নাম | মে/২০০৭ | মে/২০০৮ |
|---|---|---|---|
| ১। | ঢাকা অঞ্চল | ৪২,৭৯,৩৮৮.০০ | ৩৯,৯২,৬৯৮.০০ |
| ২। | চট্টগ্রাম অঞ্চল | ৬৫,৮০,৮৭০.০০ | ৬৯,৯৫,৩৭৩.০০ |
| ৩। | খুলনা অঞ্চল | ২,৫৩,৭৯,৬৬২.০০ | ১,৮৪,০৬,০১৯.২৮ |
| ৪। | রাজশাহী অঞ্চল | ৫৭,০১,৫৬০.০০ | ৭৭,৩৩,০৪৯.৮০ |
| | মোট | ৪,১৯,৪১,৪৮০.০০ | ৩,৭১,২৭,১৪০.০৮ |

শেষের পাতা




২৬ জুন উপলক্ষে গত ২৫ জুন '০৮ তারিখে অধিদপ্তরের সম্মেলন কক্ষে আয়োজিত প্রেস কনফারেন্স এ বক্তব্য রাখছেন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ হুমায়ুন কবীর ।

## নিরোধ শিক্ষামূলক কার্যক্রম ও প্রচারাভিযান

মে/০৮ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক সম্পাদিত নিরোধ শিক্ষামূলক কার্যক্রমের একটি বিবরণী নিম্নে তুলে ধরা হলো ।

| ক্র/নং | কর্মসূচীর নাম | সংখ্যা ২০০৮ সাল | |
|---|---|---|---|
| | | মে | জানুঃ-মে |
| ১ । | মাইকিং কর্মসূচী- | ১২ টি | ৬৮ টি |
| ২ । | ধর্মীয় প্রতিষ্ঠান ভিত্তিক সভা | - | ৯ টি |
| ৩ । | মাদকবিরোধী আলোচনা সভা- | ৫৭০ টি | ২৬৫১ টি |
| ৪ । | অভিযানকালে গণসচেতনতা কার্যক্রম- | - | ১২১ টি |
| ৫ । | শ্রেণী বক্তৃতা | ১ টি | ৬৯ টি |
| ৬ । | বুলেটিন বিতরণ কর্মসূচী- | ৪০০ টি | ১৫০০ টি |
| ৭ । | প্রশিক্ষণ কর্মসূচী- | ২ টি | ১৩ টি |
| ৮ । | লিফলেট বিতরণ | ২০০০ টি | ৪৯২২০ টি |
| ৮ । | অন্যান্য কর্মসূচী- | ৭ টি | ১৫ টি |

# মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে নিবন্ধিত এনজিওসমূহের তালিকা

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে বিধি মোতাবেক নির্দিষ্ট ফি প্রদানপূর্বক মাদকবিরোধী কর্মকান্ডে জড়িত এনজিওসমূহ নিবন্ধিত হতে পারে । এ পর্যন্ত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে মোট ৬০(ষাট) টি এনজিও নিবন্ধিত হয়েছে এবং মাদকবিরোধী উদ্বুদ্ধকরণ কর্মকান্ডে গুরুত্বপূর্ণ অবদান রাখছে । অধিদপ্তরের নিবন্ধিত এনজিওসমূহের তালিকা নিম্নরূপঃ

| নং | সংস্থার নাম ও ঠিকানা |
|---|---|
| ১ | আসক্তি পুনর্বাসন নিবাস (আপন), ৯/৭, ইকবাল রোড, ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা |
| ২ | জাতীয় তরুণ সংঘ, ২১-২৩, হাজারীবাগ রোড, ঢাকা-১২০৯ |
| ৩ | বাংলাদেশ ইয়ূথ ফাষ্ট কনসার্ন্স, ৫/১, স্যার সৈয়দ রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ |
| ৪ | মাদকদ্রব্য ও নেশা নিরোধ সংস্থা (মানস), ১৫/এ, গ্রীন স্কয়ার, গ্রীন রোড, ঢাকা-১২০৭ |
| ৫ | বগুড়া এন্ট্রি ড্রাগ সোসাইটি চন্দনবাইশা রোড সংলগ্ন, সাবগ্রাম দক্ষিণপাড়া, বগুড়া |
| ৬ | কেয়ার বাংলাদেশ প্রগতি আর পি আর সেন্টার(৮-১৩ তলা) ২০-২১, কাওরান বাজার, ঢাকা |
| ৭ | এসোসিয়েশন ফর আন্ডার প্রিভিলেজড পিপলস, মৌচাক টাওয়ার, ৫ম তলা, ৮৩/বি, নিউ সার্কুলার রোড, মালিবাগ, ঢাকা |
| ৮ | দরিদ্র জনকল্যাণ সংস্থা, ৮২/১২, উত্তর যাত্রাবাড়ী, ডেমরা, ঢাকা |
| ৯ | সোহাক সামাজিক ও স্বাস্থ্য উন্নয়ন সংস্থা, হাউজ নং-৩১২ (২য় তলা), রোড নং-২, বাইতুল আমান হাউজিং সোসাইটি, মোহাম্মদপুর, ঢাকা |
| ১০ | এন্টি ড্রাগ মুভমেন্ট, মোহাম্মদপুর কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় কলেজ, মোহাম্মদপুর, ঢাকা |
| ১১ | ইনটেগ্রেটেড সোশ্যাল ওয়েলফেয়ার এসোসিয়েশন, পোঃ বেতাগী, জেলাঃ বরগুনা |
| ১২ | এইচডিআরও, খান ভিলা, হাউজ নং-৪৭/৪৮,রহমানপুর কলোনী পোঃ নতুন বাজার, চাঁদপুর |
| ১৩ | বাংলাদেশ এ্যাডুকেশন এ্যান্ড কালচারাল এ্যাডভান্সমেন্ট সোসাইটি, গ্রাম ও পোঃ গোয়ালডিহি, উপজেলাঃ খানসামা, জেলাঃ দিনাজপুর |
| ১৪ | ইস্কাটন মর্ডাণ হেলথ কেয়ার, ৭৬, ইস্কাটন রোড, রমনা, ঢাকা-১০০০ |
| ১৫ | মহিলা স্ব-নির্ভর সংস্থা, কালিতলা, ডাকঘরঃ দিনাজপুর, থানাঃ কোতয়ালী জেলা- দিনাজপুর |
| ১৬ | বাংলাদেশ রুরাল ইকো সোশ্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন, গ্রামঃ গছাহার, পোঃ রানীর বন্দর, উপজেলাঃ চিরির বন্দর, জেলা– দিনাজপুর |
| ১৭ | ভলানটারী পরিবার কল্যাণ এসোসিয়েশন, দক্ষিণ ভবানীপুর, রাজবাড়ী |
| ১৮ | আসক্ত পুনর্বাসন সংস্থা, চন্ডিপুর, থানাঃ রাজপাড়া, পোঃ জিপিও-৬০০০, জেলাঃ রাজশাহী |
| ১৯ | ম্যান ফর ম্যান, বামনা, বরগুনা |
| ২০ | মুক্তি সেবা সংস্থা, ৩৬ শেরে-এ-বাংলা রোড, খুলনা |
| ২১ | হাঙ্গার ফ্রি ওর্য়াল্ড, ২/৮, ব্লক-এফ, লালমাটিয়া, ঢাকা-১২০৭ |
| ২২ | বাংলাদেশ ইন্টিগ্রেটেড রুরাল বেইজড এসোসিয়েশন, বারিধারা, নতুন বাজার, ভাটারা রোড, গুলশান-২, ঢাকা |
| ২৩ | যুব একাডেমী, বাড়ী নং-৪২/এ, রোড নং-৯/এ, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা |
| ২৪ | অগ্রণী সেবা সংস্থা, টিএমসি বিল্ডিং (৮ম তলা), ৫২, নিউ ইস্কাটন রোড, ঢাকা |
| ২৫ | ঢাকা আহছানিয়া মিশন, বাড়ী নং-১৯, সড়ক নং-১২(নতুন), ধানমন্ডি আ/এ, ঢাকা |
| ২৬ | অতীশ দীপঙ্কর গবেষণা পরিষদ, ২১/2, এ টোলারবাগ, মিরপুর, ঢাকা |
| ২৭ | বাংলাদেশ ফাউন্ডেশন, গ্রাম ও পোঃ মনোহরপুর, উপজেলাঃ মনিরামপুর, জেলাঃ যশোর |
| ২৮ | ল্যান্ডলেস ডিসট্রেসড রিহ্যাবিলিটেশন অর্গানাইজেশন, সুত্রাপুর, শেরপুর রোড, বাড়ী নং– ডি/৩৮, রোড নং– ২, ব্লক নং– সি, আলম মঞ্জিল (ফিলিপস শো রুমের পিছনে), বগুড়া |
| ২৯ | সোশ্যাল এডিফাই ইন ঝিনাইদহ আমনরি, বাংলাদেশ, ৭১, এইচ এসএস রোড, ঝিনাইদহ |
| ৩০ | গড়ফতেহপুর গ্রাম উন্নয়ন সংস্থা, কলেজ রোড, গড়ফতেহপুর, সোনাতলা, বগুড়া |
| ৩১ | গ্রীণল্যান্ড, মধুমহল, লালদীঘির পূর্বপাড়, যশোর |
| ৩২ | অশ্রু (মাদক আসক্তদের কল্যাণ ও পুনর্বাসন কেন্দ্র),বাড়ী নং-৯, রোড নং-২, লেইন নং-৩, ব্লক-কে, হালিশহর, চট্টগ্রাম |
| ৩৩ | (ব্রীজ) বি-বাড়ীয়া রুরাল ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট এন্ড জেন্ডার ইকুয়েলিটি সড়ক বাজার, পোঃ কুটি, উপজেলাঃ কসবা, জেলাঃ বি-বাড়ীয়া |
| ৩৪ | সেন্টার ফর এগ্রিবিজনেস এ্যান্ড কমিউনিটি ডেভেলপমেন্ট, এএইচ টাওয়ার, ৮ম তলা, প্লট-৫৬, রোড নং-২, সেক্টর-৩, উত্তরা মডেল টাউন, ঢাকা |
| ৩৫ | উন্নয়ন স্বেচছাসেবা কার্যক্রম, ৩২/২, সাহাপাড়া রোড, বাসাবাটি, বাগেরহাট |
| ৩৬ | ঠেঙ্গামারা মহিলা সবুজ সংঘ, মাহাতাব সেন্টার, ১৭৭, শহীদ নজরুল ইসলাম সরনী বিজয় নগর, ঢাকা-১০০০ |
| ৩৭ | সেলফ হেলপ এন্ড এ্যাডভান্সড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন, বাড়ী নং-১২৮,রাস্তা নং-৪, হাবিবনগর, রংপুর-৫৪০০ |
| ৩৮ | স্বাস্থ্য পরিচর্যা ও কল্যাণ সংস্থা, হাউজ নং-৭৫/ক (২য় তলা), মেইন রোড, ব্লক-বি, সেকশন-১২, মিরপুর, ঢাকা-১২১৬ |
| ৩৯ | সোশ্যাল ইন্টিগ্রেটেড ডেভেলেপমেন্ট একটিভিটিস (সিডা),দর্শনা পুরাতন বাজার, পোঃ দর্শনা, থানা-দামুড়হুদা, জেলা- চুয়াডাংগা |
| ৪০ | নতুন জীবন গড়ি, ৩, পশ্চিম যাত্রাবাড়ী, ঢাকা |
| ৪১ | এইড ফর পুওর পিপল, বাড়ী নং-৮০১, ব্লক নং-এ, রোড নং- ১৪, একতা সড়ক, খিলগাঁও তিলপা পাড়া, ঢাকা-১২১৯ |
| ৪২ | পল্লী অগ্রগতি সংস্থা, গ্রাম-নুনিয়াগাড়ী, পোঃ পলাশবাড়ী, উপজেলা-পলাশবাড়ী জেলা- গাইবান্ধা । |
| ৪৩ | নোঙর, তারেক ম্যানশন, চৌধূরীপাড়া, বিডিআর ক্যাম্প, ঝিলংজা, কক্সবাজার । |
| ৪৪ | পল্লী কৃষি সমাজ উন্নয়ন সংস্থা(র‍্যাসডো), আশেকপুর, টাংগাইল |
| ৪৫ | রিজিওনাল এসোসিয়েশন ফর ডেভেলপমেন্ট আলটারনেটিভ ইন রাজশাহী (রাডার), প্রিয়াঙ্গঁন, বাড়ী নং-৭৪/৩, হাউজিং এস্টেট, পোঃ সপুরা, থানাঃ বোয়ালিয়া, রাজশাহী । |
| ৪৬ | নওজোয়ান, হাউজ নং-৯৮, রোড নং-৩, ব্লক নং-বি, চান্দগাঁও আর/এ, চট্রগ্রাম-৪২১২ । |
| ৪৭ | ইয়ুথ ফর এক্সিলেন্ট সোসাইটি-ইয়েস, অশ্বিনী কুমার টাউন হল, সদর রোড, বরিশাল |
| ৪৮ | লাইট হাউজ, জহুরুল নগর, বগুড়া-৫৮০০ |
| ৪৯ | ওর্য়াল্ড টুরিষ্ট মিশন (ডব্লিউটিএম), মধুপর, টাংগাইল |
| ৫০ | মিউচুয়াল বাংলাদেশ ফাউন্ডেশন, প্লট নং ১৭১৯/এ, হোল্ডিং নং ১৪৭৯, ব্লক- এ, খিলগাঁও, ঢাকা |
| ৫১ | বাংলাদেশ এসোসিয়েশন ফর সোস্যাল এডভান্সমেন্ট (বাসা)বাড়ী নং-৪৬৩ রোড নং ১৯/বি, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা |
| ৫২ | তৃণমূল উন্নয়ন সংস্থা, ৬১, ডি,বি রোড, সেহড়া, ময়মনসিংহ |
| ৫৩ | পিপুলস রিসোর্স ও রিয়েন্টেড ভলেন্টারী এসোসিয়েশন(প্রভা), বি-২৫১, কাজীহাটা জিপিও বক্স নং-১৫, রাজশাহী-৬০০০ |
| ৫৪ | ক্রিয়েটিভ সোসাল ডেভেলপমেন্ট সেন্টার (সিএসডিসি), গ্রাম-গাছবাড়ী, ডাকঘর- দরগ্রাম উপজেলা-সাটুরিয়া, জেলা-মানিকগঞ্জ |
| ৫৫ | সোসাল এডভান্সমেন্ট সোসাইটি(এস.এ.এস) ব্রাউন কম্পাউন্ড রোড, বরিশাল |
| ৫৬ | শান্তি-নীড় আসক্তি ও পূণঃবাসন নিবাস, বাড়ী নং-২১, রোড নং-২, ভাদ্রা, পারিজাত আবাসিক এলাকা, রাজশাহী |
| ৫৭ | বাংলাদেশ শান্তি ও উন্নয়ন মিশন, বাড়ী নং-১৯, সড়ক-৩০, রূপনগর, মিরপুর, ঢাকা । |
| ৫৮ | থিয়েটার এন্ড আর্টস ফর লেস ফরসুনেট, বাড়ী নং- ৭১,সড়ক নং-২৭ সিডিএ আ/এ, চট্রগ্রাম -৪১০০ । |
| ৫৯ | পিপলস অর্গানাইজেশন ফর এমপাওয়ারমেন্ট, ১৯/সি, নাজিরশংকরপুর রোড বেজপাড়া, যশোর । |
| ৬০ | সমাজ ও পরিবেশ উন্নয়নে একটি গবেষণামূলক আন্দোলন (সিয়াম), ৩৮, হাজী তমীজ উদ্দিন লেন, বানরগাতী, খুলনা– ৯১০০ । |

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, ওয়েজ আর্নার্স হোস্টেল ভবন (লেভেল-৮), ৭১-৭২,পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত । টেলিযোগাযোগ ঃ ৯৩৫৫৮৯৩, ৯৩৫৫৮৯৪, ৮৩১২২৪৯ ।